গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল
ময়মনসিংহ
www.mmch.gov.bd

স্মারক নং স্বাঃ অধিঃ/এমআইএস-জাতীয় শুদ্ধাচার/২০২১/৫০৯ তারিখ ঃ ১১.১১.২০২১ খ্রিঃ

বিষয় : মমেকহা "জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা" কমিটির ২০২১-২০২২ আর্থিক বছরের ১ম সভার কার্যবিবরণী :

সভাপতি : ডা ঃ মোঃ ওয়ায়েজউদ্দিন ফরাজী, উপ-পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল;
তারিখ ও সময় : ১১/১১/২০২১/ সকাল ১১.০০ ঘটিকা;
স্থান : সভা কক্ষ, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল

উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি মহোদয় শুদ্ধাচার ও নৈতিকতার গুরুত্ব তুলে ধরেন এবং জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিব.... কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত ছক মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কর্ম পরিকাল্পনা প্রণয়ন করে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। চলতি বছরেরর (২০২১-২০২২) আর্থিক বছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর) এর কর্ম পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি, প্রয়োজনে সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন অদ্যকার সভার অন্যতম আলোচ্য বিষয়।

চলমান কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :

ক্রমিক নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন দায়িত্ব
১.	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.....................২২			
১.১	নৈতিকতা কমিটির সভা	প্রতি ৩ মাসে নৈতিকতা কমিটির একটি করে মোট বছরে মোট ৪টি সভা করার পরিকল্পনা রয়েছে। পরিকল্পনা মোতাবেক অদ্যকার সভা আহব্বন করা হয়।	প্রতি কোয়ার্টারের মধ্যভাগে সভা আহব্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব
১.২	নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	পরিকল্পনার আলোকে কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে আলোচনা হয়।	সকল পরিকল্পনা বাস্তবায়নকারী সদস্য নিজ নিজ অগ্রগতি ও কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য
২	দক্ষতা			
২.১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বছরে অন্ততঃ ২টি সভা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আগামী অক্টোবর/নভেম্বর, ২০২১	আগামী অক্টোবর/নভেম্বর, ২০২১ মাসে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত	সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব

		মাসে প্রথম সভা আয়োজনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	হয়।	
২.২	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	ইতোমধ্যে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক প্রনীত বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভূক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৪০ জনকে শুদ্ধাচার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক, প্রশাসন
২.৩	কর্ম-পরিবেশ উন্নয়ন	কর্ম-পরিবেশ উন্নয়নে স্বাস্থ্য বিধি অনুসরণ/অফিস প্রাঙ্গনের সৌন্দর্য বৃদ্ধি/অকেজো যন্ত্রপাতি বা মালামাল বিনষ্টকরণ এর আওতায় করোনা কালীন সময়ে সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান-পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক বিনষ্টকরণের পর্যাপ্ত ব্যবস্থা/সংস্থান রাখা হয়েছে। স্টোর শাখা অকেজো যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করে নিলামের মাধ্যমে বিক্রয়ের অনুমতির জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজর/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান- পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক নিলাম/বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য
২.৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	ময়মনসিংহ মেডিকেল কলেজের ২০২১-২০২২ আর্থিক বছরের কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা এবং তা ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	শুদ্ধাচার সম্পর্কিত পরিপত্র/নোটিশ/প্রতিবেদন/সভার কার্যবিবরণী ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
২.৫	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	ময়মনসিংহ মেডিকেল কলেজের অধীনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য একটি কমিটি গঠন করার বিষয়ে আলোচনা করা হয়।	ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের অধীনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিধান থাকলেও অর্থ বছর অতিক্রান্ত হওয়ায় ২০২০-২০২১ অর্থ বছরের পুরস্কার প্রদান করা সম্ভব নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী জুন/২০২২ এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ৮			

৩.১	২০২১-২২ অর্থ বছরের ক্রয়- পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ৩১/১০/২০২১ তারিখের মধ্যে প্রকাশ করার লক্ষ্যমাত্রা ছিল তা কতটুকু বাস্তবায়ন সম্ভব হয়েছে। এই বিষয়ে বিশদ আলোচনা করা হয়।	নৈতিকতা কমিটির সদস্য-সচিব বিষয়টি সহকারী পরিচালক (প্রশাসন) থেকে জেনে নিম্নে পরবর্তী সভায় অবহিত করবেন বলে সিদ্ধান্ত হয়।	সদস্য-সচিব, বিকল্প সদস্য- সচিব
৪.	ওয়েবসাইটে সেবা বক্স হালনাগাদ করণ			
৪.১, ৪.২, ৪.৩,৪.৪	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, স্ব প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্স এবং ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করণ।	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগদকরণের বিদ্ধমান বিষয়সমূহ সভায় কমিটি কর্তৃক বিস্তারিত আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট বাস্তবায়ন কর্তৃপক্ষের মাধ্যমে ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	৫. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুনীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম............................২০ (অগ্রাধিকার ভিত্তিতে নূন্যতম পাঁচটি কার্যক্রম)			
৫.১	শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন	হাসপাতালের প্রতিটি শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয়ে নিয়মীত পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্ব স্ব শাখা/অধিশাখা আওতাধীন/অধস্তন কার্যালয়ে নিয়মীত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহিত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
৫.২	হাসপাতালে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতী স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন	হাসপাতালের ক্রয়কৃত ভারী যন্ত্রপাতী স্থাপন এবং পরবর্তীতে এর যথার্থ ব্যবহার নিশ্চিত করণে নিয়মীত পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	এই প্রেক্ষিতে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে নিয়মীত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র ষ্টোর অফিসার
৫.৩	অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন,অভিযোগ নিষ্পত্তিকরণ)	সভায় অনলাইন সিস্টেম অভিযোগ নিষ্পত্তি করণ, শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়নে বিশদ আলোচনা করা হয়।	অভিযোগ নিষ্পত্তি করণ ও শাখা অফিস পরিদর্শণ কার্যক্রম নিয়মিত পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.৪	সি সি ক্যামেরার মাধ্যমে সার্বিক পর্যবেক্ষণ করা	হাসপাতালের সার্বিক কার্যক্রম সিসি ক্যামারের মাধ্যমে নিয়মিত প্রযাবেক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত পর্যাবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.৫	নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/ লিফলেট/ভাজা তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ	নৈতিকতা সম্পর্কিত পোষ্টার, লিফলেট তৈরী ও বিলির ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়।	সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে পোষ্টার, লিফলেট তৈরী ও বিলির ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও ভান্ডার)
৫.৬	বিদ্যুৎ,পানি ও জ্বালানীয় (তেল/গ্যাস)এর	হাসপাতালে ব্যবহৃত বিদ্যুৎ, পানি ও অন্যান্য জ্বালানি এর সাশ্রয় এবং	এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত	সহকারী পরিচালক (প্রশাসন)

	সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ	সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করণে আলোচনা করা হয়।	গৃহীত হয়।	
৫.৭	দপ্তর/সংস্থার স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	হাসপাতালে বিভিন্ন দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রস্তুতকরণ ও এর বাস্তবায়ন অগ্রগতী নিয়মিত পরিবীক্ষণের বিষয়ে আলোচনা করা হয়।	সভায় সিটিজেন চার্টার বাস্তবায়নের অগ্রগতী পরিবীক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৫.৮	শাখা/অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন	হাসপাতালের বিভিন্ন শাখা/অধিশাখা ও আওতীধীন/অধস্তন নিয়মিত পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কৃর্তক নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

প্রতিটি শাখা/বিভাগে একজন করে শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পার্সন থাকবেন যার মাধ্যমে তথ্য আদান প্রদান করা হবে। সদস্য সচিব সংশ্লিষ্ট সকলকে জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত একজন ফোকাল পার্সন নির্বচন করে সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন মর্মে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করনে।

(ডাঃ মোঃ ওয়ায়েজউদ্দিন ফরাজী)
উপ-পরিচালক
ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল
ময়মনসিংহ।